# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 08.09.2024                    Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসক ধর্ষণ ও খুনের মামলায় আগামীকাল সুপ্রিম কোর্টে দ্বিতীয় শুনানি।

# চিকিৎসক পড়ুয়া ধর্ষণ ও খুনের ঘটনায় কোনো তথ্য জানা থাকলে, সাধারণ মানুষকে ভাগ করে নেবার আবেদন জানিয়েছে CBI । খোলা হয়েছে পোর্টাল।

২/ ন্যায় বিচারের দাবীতে রাজ্য জুড়ে আজ ফের পথে নেমেছেন সাধারণ মানুষ।

# NRS থেকে ধর্মতলা পর্যন্ত বিরাট মিছিল ডাক্তারদের।

# আহ্বান জানানো হয়েছে রাত থেকে ভোর দখলের।

৩/ তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সদস্যপদ থেকে ইস্তফা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন জহর সরকার।

৪/ বিভিন্ন দপ্তর ও প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে, রাজ্য সরকার আগামীকাল বৈঠকে বসছে ।

৫/ বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ শক্তি বাড়িয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়েছে।

# বৃষ্টির পরিমাণ বাড়বে দক্ষিণবঙ্গে।

*************************************************************************

RG KAR মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসক ধর্ষণ ও খুনের মামলার দ্বিতীয় শুনানি আগামীকাল সুপ্রিম কোর্টে হওয়ার কথা। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে আগামীকাল CBI, এই মামলার তদন্তের অগ্রগতির রিপোর্ট জমা দেবে বলে মনে করা হচ্ছে। পাঁচই সেপ্টেম্বর শুনানির কথা থাকলেও, তা' প্রায় শেষ মূহূর্তে স্থগিত রাখা হয়। আগামীকালের শুনানির দিকে তাকিয়ে রাজ্য তথা দেশের মানুষ।

এদিকে, CBI, চিকিৎসক পড়ুয়া ধর্ষণ ও খুনের ঘটনায় কোনো তথ্য জানা থাকলে, তা' সাধারণ মানুষকে তাঁদের সঙ্গে ভাগ করে নেবার আবেদন জানিয়েছে। একটি পোর্টাল'ও খোলা হয়েছে।

**********************

আরজি কর মেডিক্যাল কলেজে চিকিৎসকের ধর্ষণ এবং খুনের বিচারের দাবিতে আজ পথে নেমেছেন সমাজের সর্বস্তরের মানুষ। দেওয়া হয়েছে ফের 'রাত থেকে ভোর দখলের ডাক'। আবার প্রতিবাদে পথে নামেন চিকিৎসকেরা। 'জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস্ ওয়েস্ট বেঙ্গল'-এর তরফে বিচারের দাবিতে দুপুর ৩টে নাগাদ এনআরএসের সামনে থেকে বিরাট মিছিল শুরু হয়। সিনিয়র চিকিৎসকেরা ছাড়াও রাজ্যের সমস্ত স্তরের চিকিৎসক, স্বাস্থ্যকর্মী থেকে মেডিক্যাল পড়ুয়ারা এতে সামিল হন। পা মেলান স্কুল-কলেজ, বিশ্ব বিদ্যালয়ের বর্তমান ও প্রাক্তন ছাত্রছাত্রী, বিভিন্ন সংগঠনের সদস্যরা। যোগ দেন নির্যাতিতার বাবা-মা। মৃতা চিকিৎসকের মা অভিযোগ করলেন, প্রশাসনিক অসহযোগিতার।

(বাইট- অভয়ার মা )

মিছিলের শুরুতেই 'উই ওয়ান্ট জাস্টিস' লেখা কালো বেলুন ওড়ানো হয়। চিকিতসকদের অভিযোগ, আরজি করের চিকিৎসকের ধর্ষণ এবং খুনের ঘটনার এক মাস হতে চলেছে। কিন্তু কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার তদন্তে এখনও দিশা দেখা যাচ্ছে না।

বিচারের দাবিতে আজ রাজ্য ছাড়াও বিদেশেও বিভিন্ন প্রান্তে প্রতিবাদ কর্মসূচি পালিত হচ্ছে। আমেরিকা, ব্রিটেন-সহ বিশ্বের উন্নত এবং উন্নয়নশীল দেশগুলির রাজধানী-সহ একাধিক শহরে আজ বিক্ষোভ-প্রতিবাদ কর্মসূচির ডাক দেওয়া হয়। প্রতিটি দেশেই

স্থানীয় সময় অনুযায়ী বিকেল ৫টায় এই বিক্ষোভ কর্মসূচি শুরু হয়। কোনও কোনও জায়গায় মানববন্ধন কর্মসূচিও পালন করা হয়েছে।

************************

বিচারের দাবিতে পৃথক পৃথক মিছিল নিয়ে আজ রাজপথে নামেন সাধারণ মানুষ ও বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরা। দক্ষিণ কলকাতার ৫২টি স্কুলের প্রাক্তনীরা গড়িয়াহাট থেকে রাসবিহারী পর্যন্ত প্রতিবাদ মিছিলে সামিল হয়েছেন।

টালিগঞ্জ ট্রাম ডিপো থেকে রাসবিহারী পর্যন্ত মিছিলে সামিল হয়েছেন টালিগঞ্জের শিল্পী-কলা কুশলীরা।

রাস্তাকেই ক্যানভাস হিসেবে ব্যবহার করে ছবি আঁকার মাধ্যমে প্রতিবাদের ডাক দিয়েছে যাদবপুর আর্টিস্ট ফোরাম। রাত ৯টা থেকে গড়িয়া মোড়, গাঙ্গুলী বাগান মোড়, বাঘাযতীন মোড়, সুকান্ত সেতু এবং বাইপাস কানেক্টরে লিখে ও এঁকে প্রতিবাদ জানাবেন শিল্পীদের একাংশ। আরজি কর কাণ্ডের এক মাস উপলক্ষে রাত ৮টা থেকে ১০টা পর্যন্ত শ্যামবাজার, ঢাকুরিয়া, যাদবপুর ৮বি বাস স্ট্যান্ডের সামনে নাগরিক সমাজের তরফে অবস্থান কর্মসূচির ডাক দেওয়া হয়েছে। গত ৯ই অগাস্ট আর জি কর হাসপাতালের যে নারকীয় ঘটনা ঘটেছিলো, সে কথা মাথায় রেখে ৯ মিনিট মৌনব্রত পালন করবেন বিক্ষোভে অংশগ্রহণকারীরা।

উত্তর ২৪ পরগণার আগরপাড়া স্টেশন থেকে নর্থ স্টেশন রোড পর্যন্ত একের পর এক মিছিলে হাঁটছেন সাধারণ মানুষ।

বাঁকুড়া শহরে নাগরিক মিছিল জনস্রোতের আকার নেয়।

১৪ই অগাস্টের মতো আজও মেয়েদের 'রাত দখল' কর্মসূচির ডাক দেওয়া হয়েছে। উদ্যোক্তারা এবারেও কলকাতা ছাড়া রাজ্যের অন্যান্য প্রান্তে রাত দখল করার আহ্বান জানিয়েছেন। এর পাশাপাশি আগামীকাল 'ভোর দখলে'রও আহ্বান জানানো হয়েছে। সকাল ৬ টায় ক্যান্টিন আর্ট কালেকটিভের মেয়েরা একাডেমি অব ফাইন আর্টসের সামনে নাটকের মাধ্যমে আর জি কর কাণ্ডের প্রতিবাদ জানাবেন।

অর্জুন পুরস্কার জয়ী টেবিল টেনিস খেলোয়াড় মান্তু ঘোষ ও কয়েকটি সংগঠনের ডাকে শিলিগুড়ির হাসমি চকে আগামীকাল ভোরে জমায়েতের ডাক দেওয়া হয়েছে। ভোর ৪ টে থেকে ৬ টা পর্যন্ত চলবে এই কর্মসূচি।

আগামীকাল রাত ৯'টায় মৌন মুখর প্রতিবাদের আবেদন জানিয়েছে সামাজিক ও সাংস্কৃতিক সংগঠগন। বামফ্রন্টের পক্ষে চেয়ারম্যান বিমান বসু, ৯'মিনিট রাজ্যের জরুরী ক্ষেত্র ছাড়া সর্বত্র আলো বন্ধ রেখে যান চলাচল বন্ধ রাখার আবেদন জানানো হয়েছে।

************************

এদিকে, ডাক্তারদের যৌথ মঞ্চ, 'জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স, ওয়েস্ট বেঙ্গল' রাজ্যের মুখ্য সচিবকে লেখা এক খোলা চিঠিতে, R G KAR কান্ডের সঙ্গে যুক্ত ও দুর্নীতির অভিযোগ রয়েছে এমন উচ্চপদস্থ আধিকারিকদের বিরুদ্ধে তদন্তের দাবী জানিয়েছেন। চিঠিতে উল্লেখ করা হয়েছে যে, স্বাস্থ্য ভবনের কিছু কর্মকর্তা নানাভাবে প্রভাব খাটানোর চেষ্টা করে চলেছেন। অভয়া হত্যাকান্ডে দ্রুত ও স্বছ তদন্ত না হলে, চিকিৎসক মহল ধরে নেবে যে, স্বাস্থ্য দপ্তর ইছাকৃতভাবে দোষীদের আড়োল করার চেষ্টা করছে।

************************

অন্যদিকে, আন্দোলনরত জুনিয়ার চিকিতসকরা, কলকাতা সহ রাজ্যের প্রায় ২৯টি জায়গায় 'অভয়া ক্লিনিক'-এর মাধ্যমে মানুষকে চিকিৎসা পরিষেবা দিছেন।

কলকাতার কুমোরটুলি, ঘোষবাগান, ডানলপ, কলেজ স্ট্রিট, মৌলালি মোড় এবং এসপ্ল্যানেডে জুনিয়ার ডাক্তাররা এই ক্যাম্প পরিচালনা করছেন। বিভিন্ন হাসপাতালের ডাক্তাররা এই উদ্যোগে সামিল হয়েছেন।

উত্তরবঙ্গের একাধিক স্থানেও সাড়া ফেলেছে এই উদ্যোগ। রায়গঞ্জ হসপিটাল মোড়, শিলিগুড়ি কাউয়াখালি গ্রাউন্ডেও, রোগীরা 'অভয়া ক্লিনিক'-এ চিকিৎসা করাচ্ছেন।

বারাসাত মেডিক্যাল কলেজ, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজেও খোলা হয়েছে ক্যাম্প। পাশাপাশি, আজ জুনিয়ার ডাক্তাররা 'জনতার মতামত-রাজপথে আদালত' শীর্ষক কর্মসূচীতে সাধারণ মানুষ এবং রোগীর আত্মীয়দের মতামত জানতে চান।

************************

RG KAR কান্ডের প্রতিবাদ এবং মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবীতে ধর্মতলায় বিজেপির ধর্না কর্মসূচী চলেছে।

শ্যামবাজারে SFI-DYFI-এর অবস্থান মঞ্চে আজ যোগ দেন CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

কংগ্রেসের ছাত্র সংগঠন-ছাত্র পরিষদ, আগামীকাল কলেজ স্কোয়ারে অবস্থান-বিক্ষোভ কর্মসূচী পালন করবে। আজ হাওড়ার কাজিপাড়ায় অবস্থান বিক্ষোভ কর্মসূচী পালন করেন কংগ্রেস সমর্থকরা।

************************

বিজেপি নেতা ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর আরজিকরে নির্যাতিতার সুবিচার না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যেতে আবেদন জানিয়েছেন।
ধর্মতলায় দলের ধর্ণা মঞ্চে তিনি বলেন, রাজ্যে বিগত সাড়ে বারো বছর ধরে যে নৈরাজ্যের পরিবেশ তৈরি হয়েছে, আরজিকরের ঘটনা তার নিদর্শন। শ্রী ঠাকুর বলেন, পুলিশ সরকারের পরিবর্তে একটি রাজনৈতিক দলের নেত্রীর দলদাস হয়ে কাজ করছে এবং আন্দোলনকারীদের অপদস্ত করে সরকারের অপকর্মকে আড়াল করতে চাইছে। তিনি অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী সরকার চালাতে পুরোপুরি ব্যর্থ হয়েছেন।

************************

আর.জি.কর মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুন এবং দুর্নীতির প্রতিবাদে তৃণমূল কংগ্রেস সাংসদ জহর সরকার, রাজ্যসভায় সদস্য পদে ইস্তফা দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করলেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়ে এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন তিনি। চিঠিতে রাজনীতি থেকে নিজেকে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন করার সিদ্ধান্তের কথাও জানিয়েছেন ডক্টর সরকার। রাজ্যে দুর্নীতি এবং দলের একাংশের নেতাদের অন্যায় দাপট দেখে হতাশাগ্রস্ত হয়ে পড়েছেন বলে উল্লেখ করে তিনি জানিয়েছেন, কোনো সরকারের বিরুদ্ধে জনগণের এমন ক্ষোভ ও সম্পূর্ণ অনাস্থা এর আগে তিনি কখনো দেখেননি। সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত প্রতিবাদ আন্দোলনে রাজনৈতিক তকমা লাগিয়ে প্রতিরোধ করা সমীচীন নয় বলে তার অভিমত। রাজ্যের কিছু পছন্দের আমলা ও নেতার লাগাম ছাড়া দুর্নীতিকে প্রশ্রয় দেওয়ার জন্যই সরকারের বিরুদ্ধে মানুষের এই স্বতঃস্ফূর্ত ক্ষোভ এবং এপর্যন্ত আরজিকর কাণ্ডে সরকারের নেওয়া শাস্তি মূলক পদক্ষেপ খুবই সামান্য বলে তিনি চিঠিতে উল্লেখ করেছেন।
তিনি বলেছেন বর্তমান পরিস্থিতিতে রাজ্য সরকারের অবিলম্বে সদর্থক পদক্ষেপ নিতে পথ পরিবর্তন করা প্রয়োজন । অন্যথায় সাম্প্রদায়িক শক্তি রাজ্যকে তাদের দখলে নিতে পারে বলে আর আশঙ্কা ।

**********************

জহর সরকারের পদত্যাগ, মুখ্যমন্ত্রী পদে মমতা ব্যানার্জীকে পদত্যাগ করার সুস্পষ্ট ইঙ্গিত বলে বিজেপি দাবি করেছে। দলের রাজ্য পর্যবেক্ষক অমিত মালভিয়া আজ এক্স হ্যান্ডেলে লেখেন, মুখ্যমন্ত্রী এবং কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল পদত্যাগ না করলে আর.জি করের ঘটনার অবাধ ও সুষ্ঠু তদন্ত সম্ভব নয়। মুখ্যমন্ত্রী এবং পুলিশ কমিশনারের কল রেকর্ড ও কথোপকথন নিয়ে তদন্ত করা এবং তাদের পলিগ্রাফ টেস্ট করানোরও দাবী জানান তিনি। এদিকে বিজেপি-র রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য বলেন-

বাইট-শমীক

সংবেদনশীল মানুষ তৃণমূল কংগ্রেসে থাকতে পারে না বলে মন্তব্য করেছেন সিপিআই-এম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

বাইট-সুজন

রাজ্যসভার সাংসদ জহর সরকারের রাজ্য সভার সাংসদ পদ ও রাজনীতি থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন ব্যাক্তিগত বলে তৃণমুল কংগ্রেস নেতা কুনাল ঘোষ মন্তব্য করেছেন।

বাইট- কুণাল

**********************

বিভিন্ন দপ্তর এবং প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্য আগামীকাল দুপুর একটায় নবান্ন সংলগ্ন সভাঘরে প্রস্তাবিত এই প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে উপস্থিত থাকার জন্য মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, ডিজি, পুলিশের শীর্ষ আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। থাকবেন বিভিন্ন দপ্তরের মন্ত্রী, সচিবরাও। সবকটি জেলার জেলা শাসক, পুলিশ কমিশনার এবং পুলিশ সুপাররাও বৈঠকে ভার্চুয়ালি অংশ নেবেন। বৈঠকে বিভিন্ন দপ্তরের কাজের রিপোর্ট কার্ড পেশ করা হবে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

************************

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ, শক্তি বাড়িয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়ে ক্রমশঃ উত্তরের দিকে এগোচ্ছে। আলিপুর আবহাওয়া দপ্তরের আবহবিদ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, এ'টি ওড়িশা ও গাঙ্গেয় পশ্চিমবঙ্গ উপকূলে অতিগভীর নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে। এর প্রভাবে আগামীকাল থেকে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে। মঙ্গল ও বুধবার ভারী বৃষ্টির সম্ভাবনা উপকূল ও সংলগ্ন জেলাগুলিতে। মঙ্গলবার ভারী বৃষ্টির সম্ভাবনা দুই মেদিনীপুর, দুই ২৪ পরগণা,  ঝাড়গ্রাম ও বাঁকুড়ায়।

এদিকে, উত্তরবঙ্গেও আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়বে। ভারী বৃষ্টির সম্ভাবনা, দার্জিলিং, কালিম্পিং ও জলপাইগুড়ি জেলায়।

************************

ব্যারাকপুর ষ্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলের গ্রুপ পর্বের শেষ ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট ২-৩ গোলে পুলিশ এ সি, র কাছে পরাজিত হয়েছে।  পুলিশ দলের পক্ষে শেখ আসিফ আহমেদ, আশীষ বকসি গোল করেছেন। আর একটি গোল ব্রিজেশের আত্মঘাতি । মোহনবাগানের এনসন সিং ও ভিয়ান গোল করেন।

মোহনবাগান ১২ ম্যাচে ১৬ পয়েন্ট নিয়ে গ্রুপ বি-র সপ্তম স্থানে লিগ শেষ করল।

*********************************************************************